# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ মজলিস ও জালসায় দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মজলিস ও জালসায় দুআ

যে মজলিসে বা বৈঠকে আল্লাহর যিকর (স্মরণ) হয় না সে মজলিসের লোক সকল মৃত গাধার দেহের উপর সমবেত হয় এবং তাদের আক্ষেপ হবে। (আহমদ ২/৩৮৯, হাকেম ১৪৯২)

১। মজলিস থেকে উঠে যাওয়ার পূর্বে সকলের জন্যই নিম্নের দুআ পড়া সুন্নত।

اللَّهُمَّ اقْسِمْ لَنَا مِنْ خَشْيَتِكَ مَا تَحُولُ بِهِ بَيْنَنَا وَبَيْنَ مَعَاصِيكَ، وَمِنْ طَاعَتِكَ مَا تُبَلِّغُنَا بِهِ جَنَّتَكَ، وَمِنَ الْيَقِينِ مَا تُهَوِّنُ بِهِ عَلَيْنَا مَصَائِبَ الدُّنْيَا، اللَّهُمَّ مَتِّعْنَا بِأَسْمَاعِنَا، وَأَبْصَارِنَا، وَقُوَّاتِنَا مَا أَحْيَيْتَنَا، وَاجْعَلْهُ الْوَارِثَ مِنَّا، وَاجْعَلْ ثَأْرَنَا عَلَى مَنْ ظَلَمَنَا، وَانْصُرْنَا عَلَى مَنْ عَادَانَا، وَلَا تَجْعَلْ مُصِيبَتَنَا فِي دِينِنَا، وَلَا تَجْعَلِ الدُّنْيَا أَكْبَرَ هَمِّنَا، وَلَا مَبْلَغَ عِلْمِنَا، وَلَا تُسَلِّطْ عَلَيْنَا مَنْ لَا يَرْحَمُنَا

উচ্চারণঃ আল্লা-হুম্মাকসিম লানা মিন খাশয়্যাতিকা মা তাহূলু বিহী বাইনানা অবাইনা মাআ-স্বীক, অমিন ত্বা-আতিকা মা তুবাল্লিগুনা বিহী জান্নাতাক, অমিনাল য়্যাক্বীনি মা তুহাউবিনু বিহী আলাইনা মাসা-ইবাদ দুনয়্যা। আল্লাহুম্মা মাত্তি’না বিআসমা-ইনা অ আবস্বা-রিনা অকুউওয়াতিনা মা আহয়্যাইতানা, অজআলহুল ওয়ারিসা মিন্না। অজআল সা’রানা আলা মান যালামানা, অনসুরনা আলা মান আ-দা-না, অলা তাজআল মুস্বীবাতানা ফী দীনিনা। অলা তাজআলিদ্দুনয়্যা আকবা-রা হাম্মিনা অলা মাবলাগা ইলমিনা, অলাতুসাল্লিত্ব আলাইনা মাল লা য়্যারহামুনা।

অর্থঃ হে আল্লাহ গো! আমাদের জন্য তোমার ভীতি বিতরণ কর, যার দ্বারা তুমি আমাদের ও তোমার অবাধ্যাচরণের মাঝে অন্তরাল সৃষ্টি কর। তোমার আনুগত্য বিতরণ কর, যার দ্বারা তুমি আমাদেরকে তোমার জান্নাতে পৌছাও। আমাদের জন্য এমন একীন (প্রত্যয়) বিতরণ কর, যার দ্বারা তুমি আমাদের উপর দুনিয়ার বিপদ সমূহকে সহজ করে দাও। হে আল্লাহ! তুমি আমাদের কর্ণ, চক্ষু ও শক্তি দ্বারা যতদিন আমাদেরকে জীবিত রাখ, ততদিন আমাদেরকে উপকৃত কর এবং তা আমাদের মৃত্যু পর্যন্ত অবশিষ্ট রাখ। যারা আমাদের উপর অত্যাচার করেছে তাদের নিকট আমাদের প্রতিশোধ নাও। যারা আমাদের সাথে শত্রুতা করেছে তাদের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর। আমাদের দ্বীনে আমাদেরকে বিপদগ্রস্ত করো না। দুনিয়াকে আমাদের বৃহত্তম চিন্তার বিষয় এবং আমাদের জ্ঞানের শেষ সীমা করো না, আর যারা আমাদের উপর রহম করে না, তাদেরকে আমাদের উপর ক্ষমতাসীন করোনা। (তিঃ ৩৪৯৭নং)।

২।

رَبِّ اغْفِرْ لِي وَتُبْ عَلَيَّ إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الْغَفُورُ

উচ্চারণঃ-রাব্বিগফিরলী অতুব আলাইয়্যা, ইন্নাকা আন্তাত তাউওয়া-বুল গাফুর।

অর্থঃ হে আমার প্রভু! আমাকে ক্ষমা কর এবং আমার তওবা গ্রহণ কর। নিশ্চয় তুমি তওবা গ্রহণকারী ক্ষমাশীল। (সঃ তিঃ ৩/১৫৩ সঃ ইবনে মাজাহ ২/৩২১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11784

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন